

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং- ২৯.০০.০০০০.২২৩.০২.০০৭.২১-২১

তারিখ: ০৫/০৩/২০২৪ খ্রি।

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: আপদকালীন পরিস্থিতি মোকাবেলায় জি, আর খাত হতে ২য় কিস্তির অর্থ বরাদ্দ প্রসংগে।


মহোদয়

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, এ মন্ত্রণালয়ের গত ২৫/০৭/২০২৩ খ্রি. তারিখের ৪০২ নং স্মারকে ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তুনির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ির জন্য বিভাজনকৃত ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা হতে আপদকালীন পরিস্থিতি মোকাবেলার জন্য ২য় কিস্তি বাবদ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তুনির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি-এর অনুকূলে ছাড়করণের সরকারি মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে জারি করা হলো।

০২। এ ব্যয় চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় অনুকূলে ১৫৫০১০১- সচিবালয়, পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১- ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,০০,০০,০০০/- (আট কোটি) টাকার মধ্যে বিভাজনকৃত ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা হতে নির্বাহ করা হবে।

শর্তসমূহ:

- মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি বরাবরে প্রেরণ করবেন।
- বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০২২ তারিখের ৪০২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি ও সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক প্রতিপালন করতে হবে এবং ১ম ও ২য় কিস্তির ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
- বরাদ্দকৃত অর্থ ব্যবহারের হিসাব নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং অর্থের ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহুর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।



(মালেকা পারভীন)
উপসচিব
ফোন-৯৫৪০১২৩


স্মারক নং- ২৯.০০.০০০০.২২৩.০২.০০৭.২১-২১

তারিখ: ০৫/০৩/২০২৪ খ্রি।

সদয় জ্ঞাতার্থে/কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
- প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

✓ সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


০৫/০৩/২০২৪
(মালেকা পারভীন)
উপসচিব